মেহেরপুরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হয়েছে বিশ্ব পরিবেশ দিবস। দিনটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি,আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের যৌথ আয়োজনে বুধবার সকালে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাফ্ফর খান।

“প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়” প্রতিপাদ্যকে ঘিরে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের প্রভাষক এস. এম. আশরাফুল হাবীব, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, সামাজিক বন কর্মকর্তা এইচ.টি. হামিম হায়দার, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল হুদা, সুবাহ সামাজিক সংস্থার নির্বাহী পরিচালক মইন-উল-আলম এবং সমাজ ও পরিবেশ উন্নয়ন সংস্থার প্রতিনিধি শামিমা আখতার।

এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরামের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি মেহেরপুর পাবলিক লাইব্রেরি মোড় থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়।

মুজিবনগরের মোনাখালিতে ওয়ার্ড

বিএনপি’র সম্মেলন ও ইফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়নের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মোনাখালি ইউনিয়নের আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুরে এ সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মোনাখালি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাজী মশিউর রহমান।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলামের সঞ্চালনায় এছাড়াও এসময় জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক এস এম সালাউদ্দীন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান বিকু, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইফুল ইসলামসহ মোনাখালি ইউনিয়নের ৪,৫ ও নং ওয়ার্ডের বিএনপির নেতা কমীবৃন্দ।

সম্মলনে বিএনপির সাধারণ কর্মীদের মতামতের ভিত্তিতে মোনাখালি ইউনিয়নের বিশ্বনাথপুর ৪ নং ওয়ার্ড বিএনপির সভাপতি হিসাবে সিরাজুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি সাহাবুদ্দীন, সাধারণ সম্পাদক বাদশা মিয়া, সাংগঠনিক সম্পাদক বাবলুর রহমান নির্বাচিত হন।

৫ নং ওয়ার্ড শিবপুরের সভাপতি মিয়ারুল ইসলাম গাজী, সিনিয়র সহ-সভাপতি মোমিন, সাধারণ সম্পাদক আ: কুদ্দুস, সাংগঠনিক সম্পাদক মুক্তি রহমান (ভনা) নির্বাচিত হন।

৬ নং ওয়ার্ড শিবপুর সভাপতি হিসাবে গরিবুল্লাহ সরদার, সিনিয়র সহ-সভাপতি মিনারুল ইসলাম, সাধারণ সম্পাদক আমজাদ বিশ্বাস এবং সাংগঠনিক সম্পাদক কামরুল গাজী নির্বাচিত হন।

মেহেরপুরে মাচা পদ্ধতিতে চিচিংগা চাষ, ফলন ও দামে খুশি চাষিরা

মেহেরপুরে মাচা পদ্ধতিতে উচ্চ ফলনশীল জাতের চিচিংগা চাষে লাভবান হচ্ছেন চাষিরা। চিচিংগা চাষে উপযুক্ত মাটি, এবং অনুকুল আবহাওয়ায় বাম্পার ফলন পাচ্ছেন চাষিরা। পুষ্টিগুণ সমৃদ্ধ সবজি হিসেবে চাহিদা থাকায় নিজ জেলার চাহিদা পুরুন করেও রপ্তানি করা হচ্ছে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায়। দাম ভাল পেয়ে খুশি চাষিরা। বৃষ্টিপাত বেশি হলে আরও বেশি ফলন পাওয়া সম্ভব বলছেন কৃষকরা, সবজিখ্যাত মেহেরপুর জেলায় আরও নতুন নতুন সবজি আবাদে চাষিদের উদ্বুদ্ধকরনসহ নানা ভাবে সহায়তা করা হচ্ছে বলছেন কৃষি বিভাগ।

মেহেরপুরের বিভিন্ন মাঠে প্রায় ৬০ হেক্টর জমিতে মাচা পদ্ধতি ব্যবহার করে পুষ্টিগুণ সমৃদ্ধ ও সুস্বাদু সবজি চিচিংগা আবাদ করা হচ্ছে। স্বল্প সময় ও অল্প খরচের এ সবজি চাষে লাভবান হচ্ছেন অনেক কৃষক। এখন চিচিংগা তোলার ভরা মৌসুম। জেলার বিভিন্ন বাজারে এখন ভাল দামে বিক্রি হচ্ছে চিচিংগা। জেলার মানুষের তরকারি চাহিদা পুরুন করেও বিভিন্ন এলাকার পাইকার ব্যবসায়ীরা চিচিংগা ট্রাক ভর্তি করে পাঠাচ্ছেন ঢাকা, বরিশাল, সিলেট, চট্রোগ্রামসহ দেশেল বড় বড় শহরে। প্রতিকেজি চিচিংগা পাাইকারি বিক্রি হচ্ছে ২০ টাকা থেকে ২৫ টাকা। আর খুচরা বাজারে এসবজির দাম ৩০ টাকা কেজি। মেহেরপুর সদর উপজেলার, রামদাসপুর গ্রামের কৃষক জামাল হোসেন এক বিঘা জমিতে উচ্চ ফলনশীল বঙ্গরেখা জাতের চিচিংগা আবাদ করেছেন। জমি প্রস্তত, বীজ, সার,কীটনাশক ও মাচা তৈরীতে বিঘাপ্রতি খরচ হয়েছে ১৫ হাজার টাকা। এখন এক বিঘা জমি থেকে প্রতি সপ্তায় দুদিন করে চিচিংগা পাচ্ছেন।

চাষি জামাল হোসেন জানান, প্রতি সপ্তায় অন্তত ৫ থেকে ৬মন করে চিচিংগা বিক্রি হচ্ছে। প্রতিমণ চিচিংগা পাইকারি বিক্রি হচ্ছে ৬০০ টাকা দরে। ইতোমধ্যে তিনি প্রায় এক লক্ষ টাকার চিচিংগা বিক্রি করেছেন। তিন মাসে তিনি আরও লক্ষাধিক টাকার চিচিংগা বিক্রির আশা করছেন।

ষোলমারি গ্রামের চাষি নাহিদ আলম বলেন গেল বছর আামি এক বিঘা

জমিতে চিচিংগা আবাদ করেছিলাম। উৎপাদন খরচ বাদ দিয়ে প্রায় দেড় লক্ষাধিক টাকা লাভ হয়েছিল। এবারও এক বিঘা জমিতে চাষ করেছি। একাধঅরে তিন মাস চিচিংগা বিক্রি করতে পারবো। এবছরে সব সবজির দাম ভাল হওয়ায় চিচিংগারও চাহিদা আছে বাজারে। জমি থেকে প্রতি সপ্তায় দুদিন করে পাইকাররা চিচিংগা নিয়ে যায়। আবার স্থানীয় বাজারেও আমরা বিক্রি করি। অন্যান্য সবজির চেয়ে চিচিংগার চাহিদা এবছর অনেক বেশি,দামও ভাল।

গাংনী.কাথুলী গ্রামের চাষি আব্দুল কুদ্দুস জানান, যতদিন চাহিদা থাকে ততদিন আমরা সবজি হিসেবে চিচিংগা বিক্রি করি। শেষের দিকে চাহিদা কমে গেলে বীজের জন্য চিচিংগা রেখে দিই। বীজ বিক্রি করেও ভাল টাকা লাভ করি প্রতি বছর।

ষোলমারি গ্রামের পাইকার ব্যবসায়ী মিশকাত,মিন্টু ও রামদাসপুরের মুন্তাজ আলী জানান, আমাদের অঞ্চলে উৎপাদিত সবজির চাহিদা বাইরের জেলায় অনেক ভাল। অন্যান্য সবজির পাশাপাশি যে চিচিংগা আবাদ হয়, সে চিচিংগা দেখতে অনেক ভাল। খেতেও সুস্বাদু। আমরা প্রতিনিয়ত অন্যান্য সবজির সাথে ট্রাকভর্তি করে ঢাকা,বরিশাল, সিলেট ও চট্রোগ্রামে বিক্রি করি। এতে কৃষকরা যেমন লাভবান হচ্ছেন,তাদের পাশাপাশি আমরা(ব্যবসায়ীরাও) লাভবান হচ্ছি।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক বিজয় কৃষ্ণ হালদার বলেন, মেহেরপুর জেলার মাটি ও আবহাওয়া সব আবাদেরই উপযোগী। কৃষরা এ মাটিতে যা ফলানোর চেষ্টা করেন তাই ফলে। কয়েক বছর যাবত জেলায় মাচা পদ্ধতি অবলম্বন করে চিচিংগা আবাদ করেছেন। এ আবাদে আজও কেউ লোকসানে পড়েনি। সকলেই লাভবান হচ্ছেন। আমরা নতুন নতুন আবাদে কৃষদদের উদ্বুদ্ধ করে যাচ্ছি। সেই সাথে চিচিংগাসহ বিভিন্ন সবজি আবাদে কৃষকদের সব ধরনের সহযোগীতা অব্যাহত রেখেছি।

মেহেরপুরের সাবেক মেয়র মতুসহ ৭

জনের বিরুদ্ধে মামলা

মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র ও মায়ের হাসি ক্লিনিকের মালিক মোতাচ্ছিম বিল্লা মতুসহ ৭ জনের বিরুদ্ধে খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনাল আদালতে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেছেন সাংবাদিক মাহাবুব চান্দু।

আজ রবিবার খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক কনিকা বিশ্বাস পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) কুষ্টিয়াকে আগামী ২ নভেম্বর তদন্ত প্রতিবেদন দাখিলের আদেশ দিয়েছেন। এর আগে গত ২৯ আগষ্ট মামলাটি আমলে নিয়ে গতকাল ১০ সেপ্টেম্বর মামলার আদেশের দিন ধার্য করেন।

মামলার আসামিরা হলেন, মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু, মায়ের হাসি ক্লিনিকের ম্যানেজার সাইফুল বাহার স্বাধীন, ইন্টার্ন চিকিৎসক মতুর ছেলে মুত্তাকী বিল্লাহ সাফিন, মায়ের হাসি ক্লিনিকের পার্টনার শামীম হাসান সোহাগ, সহযোগী তোহিদুল ইসলাম লিয়ন, শোমিক ব্রো ও এসএম মেহেরাব হোসেন।

ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৩/২৫(১)(ক)/২৫(১)(খ)/২৫(২)/২৯/৩১/৩৫ ধারায় মামলাটি করা হয়েছে। এর আগে বাদী মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে মামলা করলে মামলাটি আমলে নিয়ে প্রথমে পিবিআইকে তদন্তের নির্দেশ দেন এবং পরে মামলাটি নথিজাত করেন। বাদী ন্যায় বিচারের স্বার্থে খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনালের দ্বারস্ত হন।

মামলার এজাহারে জানা গেছে, বাদি মাহাবুব চান্দু ২০ বছর যাবৎ সাংবাদিক পেশায় নিযুক্ত। বর্তমানে তিনি মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারন সম্পাদক ও স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক হিসেবে কর্মরত রয়েছেন। ইতিপূর্বে তিনি জাতীয় দৈনিক ইত্তেফাক, দৈনিক সংবাদ, প্রতিদিনের সংবাদসহ বিভিন্ন গনমাধ্যমে সুনামের সাথে মেহেরপুরে সাংবাদিকতা করেছেন।

অনুসন্ধানী সাংবাদিকতায় তার বেশ সুনাম আছে। তার প্রকাশিত সংবাদের মধ্যে অনেক সংবাদ আদালত আমলে নিয়ে স্বপ্রণোদিত মামলা করেছেন এবং ভুক্তভোগীরা সুফল পেয়েছেন। বাদী মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানী কাজে গত ২৪ জুলাই সকাল ১১টা ৫৩ মিনিট থেকে দুপুর ১টা ১৬ পর্যন্ত

মেহেরপুর সরকারী মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও জেলা পরিবার পরিকল্পনা অফিসে অনুসন্ধান মুলক কাজে নিয়োজিত ছিলেন।

আসামী মোতাচ্ছিম বিল্লাহ মতুর মেয়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্র এর চিকিৎসক হিসেবে কর্মরত থাকাতে তিনি খবরটা জেনে ক্ষিপ্ত হন। তারপর মায়ের হাসি ক্লিনিকের মালিক হিসেবে তিনি মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদককে আনুমানিক ২টা ২৫ মিনিটের দিকে মোবাইলে হুমকি দিয়ে বলেন তোমরা কি বারেখা হয়েছো, তোমাদের দাঁত ভেঙ্গে দিব, ৫০টা চাঁদাবাজির মামলা দিব বলে হুমকি দিয়ে ফোন কেটে দেন। এ বিষয়ে ২৬ জুলাই মেহেরপুর সদর থানাতে একটি জিডি হয়, যার নং ১৩৯১।

পরবতির্তে আসামী মোতাচ্ছিম বিল্লাহ মতু তার মালিকানাধীন মায়ের হাসি ক্লিনিকের ম্যানেজার আসামী সাইফুল বাহার স্বাধীনকে দিয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা সদর থানা মেহেরপুর বরাবর বাদীর নামে একটি মিথ্যা চাঁদাবাজির অভিযোগ লিখে থানায় অভিযোগটি জমা না দিয়ে মায়ের হাসি ক্লিনিক আইডি থেকে পোষ্ট করে। পরে মোতাচ্ছিম বিল্লাহ মতুর ছেলে মুত্তাকী বিল্লাহ শাফিন তার ফেসবুকে নামধারী সাংবাদিক লিখে শেয়ার করে।

মুত্তাকী বিল্লাহ শাফিনের পোস্টে গিয়ে আসামী তৌহিদুল ইসলাম লিওন বাদী সম্বদ্ধে কৃষ্ণ নগরী, ভাত পেতনা, চাঁদাবাজী, ৫টা বউসহ ইত্যাদি মানহানি কর কথা লিখেছেন। সে আরো বলে জেল খেটে দেশে ফিরে এখন বড় সাংবাদিক হয়েছে”। আসামী সৌমিক ব্রো কমেন্টস করে বলেছেন, “আমি থাকলে শালাকে ওন স্পট হিট করে তোর ক্লিনিকে ভর্তি করিয়ে রাখতাম”।

আসামী শামিম হাসান সোহাগ ও মেহেরাব হোসেন অপি মিথ্যা বিষয়কে শেয়ার করে লাইক দিয়ে অপপ্রচারে সহায়তা করেছে। আসামীরা একই বিষয় একাধিকবার সোসাল মিডিয়ায় প্রচার করে বিভিন্ন গ্রুপের মাধ্যমে ভাইরাল করেছে।

আসামী মেহেরাব হোসেন অপি একটি অনিবন্ধিত নিউজ পোর্টাল মেহেরপুর নিউজ ডটকম পোর্টালের ফেসবুক পেজ থেকে মোতাচ্ছিম বিল্লাহ মতুর মিথ্যা অভিযোগটি লাইভ প্রকাশ করে এবং নিজ আইডিতেও শেয়ার করে ভাইরাল করে। আসামীদের মিথ্যা অপপ্রচার করে নিজেদের স্বার্থ রক্ষার জন্যে এবং অনুসন্ধানী ও সুস্থ ধারার সাংবাদিক গোষ্টীর পথ রুদ্ধ করেছে বলে বাদী অভিযোগ করেন।

মামলায় বাদীর পক্ষে খুলনার সিনিয়র আইনজীবী ইকবাল আহমেদ, মিঠু

চন্দ্র বসাক আইনজীবীর দায়িত্ব পালন করেন। বাদী পক্ষের আইনজীবীরা এ তথ্য নিশ্চিত করেছেন।

উল্লেখ্য, সাংবাদিক মাহাবুব চান্দুর বিরুদ্ধে মিথ্যা চাঁদাবজীর অভিযোগ তোলায় গত ৩০ জুলাই মেহেরপুরের সাংবাদিক সমাজ জেলা প্রসাশকের কার্যালয়ের সামনে একটি মানববন্ধনও করে।

মেহেরপুরে দ্রুতগতির বাইক দুর্ঘটনা, ২ কিশোর আহত

মেহেরপুরের শোলমারী সড়কের তেরঘরিয়া বিলের কাছে দ্রুতগামী মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে মোঃ শাওন আলী (১৪) ও মোঃ সৌরভ
(১৭) নামের ২ কিশোর আহত হয়েছেন।

আহত মোঃ শাওন আলী সদর উপজেলা শোলমারী পাঠানপাড়া এলাকার আশরাফ আলীর ছেলে এবং মোঃ সৌরভ একই গ্রামের জিব্রাইল ওরফে জিতু’র ছেলে।

আহতদের মেহেরপুর-২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, আহতরা মোটরসাইকেল যোগে শোলমারী থেকে মেহেরপুর আসছিল। তারা মেহেরপুর শোলমারীর মাঝামাঝি তেরঘরিয়া বিলের রাস্তার পাশে পৌঁছালে মোটরসাইকেল চালক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি পাওয়ার টিলারকে ধাক্কা মারে। এতে ওই দুই কিশোর আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আহত শাওন আলীর অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

মেহেরপুরে দুই ব্যবসায়ীকে জরিমানা

আমদানিকারকের ট্যাগ ও মুল্য বিহীন অবৈধ বিদেশি কসমেটিকস ও পণ্য বিক্রয়ের অপরাধে মেহেরপুর শহরের দুটি কসমেটিকস ব্যবসা প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে জরিমানা আদায় করেছে মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মঙ্গলবার (২৫ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়।

মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় মেসার্স ভাই ভাই স্টোরকে ৭ হাজার টাকা ও মেসার্স ব্রাদার্স স্টোরকে ৭ হাজার টাকাসহ মোট ১৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, আমদানিকারকের ট্যাগ ও মুল্য বিহীন অবৈধ বিদেশি কসমেটিকস ও পণ্য বিক্রয়ের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী ৭ হাজার টাকা করে মোট ১৪ হাজার টাকা জরিমানা করা হয়।

সজল আহমেদ আরো বলেন এই দুই ব্যবসায়ীকে এর আগেও সতর্ক করা হয়েছিল। জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মোটরসাইকেল সাথে

গরুর ধাক্কায় একজন আহত

চলন্ত মোটরসাইকেলের সাথে গরুর ধাক্কায় আব্দুস সামাদ (৬৫) নামের এক ব্যক্তি আহত হয়েছে। আহত আব্দুস সামাদ মেহেরপুর সদর উপজেলার চাঁদাবিল গ্রামের মৃত রেজাউল হকের ছেলে।

শনিবার সন্ধ্যার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের শহরের গরু হাটের সামনে এ দুর্ঘটনা ঘটে। আহত আব্দুস সামাদ জানান, মোটরসাইকেল যোগে মেহেরপুরের দিকে আসার সময় একটি গরু হঠাৎ রাস্তা পার হওয়ার জন্য দ্রুত দৌড় দিলে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগলে মোটরাসাইলে থেকে ছিটকে পড়ে আহত হই।

আব্দুস সামাদকে স্থানীয়রা আহত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন।
মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জানান আহতের মাথা ও শরীরের বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে।

মেহেরপুরে পাওনা টাকা চাওয়ায় মারপিট

পাওনা টাকা চাওয়ায় আল মামুন (৩৫) নামের এক ব্যাক্তিকে পিটিয়ে হাসপাতালে পাঠিয়েছে প্রতিপক্ষ। আহত আল মামুন সদর উপজেলার বাড়িবাকা এলাকার বোর্ডপাড়ার ইউনুস আলীর ছেলে।

শনিবার সকালের দিকে এ মারপিটের ঘটনা ঘটে। আল মামুনের ভাস্তে সাইফ জানান, হাসিবুল নামের এক ব্যক্তির কাছে আল মামুন ৭শ টাকা পাবেন। সেই টাকা চাইতে গিয়ে বাকবিতন্ডা হয়।

এক পর্যায়ে বেদম মারপিট করে হাসিবুল। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নেয়া হয়।

পরে গণ্যমান্য ব্যক্তি ও ইউপি সদস্য স্থানীয়ভাবে শালিস বৈঠক করে

মিমাংসা করে দিয়েছে। হাসিবুল মারপিট করার অপরাধে নিজের দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করে।

অসহায় রোগীদের বিনামূল্যে অপারেশন করানো হবে- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, অসহায় ও দরিদ্র রোগীদের বিনামূল্যে অপারেশন করানো হবে মক্কা চক্ষু হাসপাতালে।

মানবতার এই উদ্যোগটি বিশাল একটি উদ্যোগ যেটি আমরা তথা মেহেরপুরবাসী আল্লাহ তায়ালার উপহার স্বরূপ পেয়েছি। আমার কাছে অনেকেই আসতো চোখের সমস্যা, চোখের ছানি এই বিষয় গুলো জানতে যে,কোথায় যাবে বা কি করবে।

এই সমস্যা সমাধানের জন্য আমরা অনেক সময় বিভিন্ন ক্যাম্পেইন করে থাকতাম কিন্তু এখন প্রতিনিয়তই চক্ষু সেবা প্রদান করা সম্ভব।

শুক্রবার বেলা সাড়ে ১১ টার ফিতা কেটে মক্কা চক্ষু হাসপাতালের উদ্ভোধনকালে প্রধান অতিথি বক্তব্য তিনি এ কথা বলেন।

ডা. আহাম্মেদ তাহের হামিদ আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে তিনি আরো বলেন, মানুষের উপকার করার মতো একটি মহৎ উদ্যোগের মধ্য দিয়ে আমরা মক্কা চক্ষু হাসপাতালের উদ্ভোধন করতে পেরেছি,এটি মহান আল্লাহ তায়ালার অশেষ মেহেরবানী। আল্লাহ তায়ালা আমাদের এই সুযোগ করে দিয়েছেন যাতে এর মাধ্যমে মানুষের উপকার করা সম্ভব হয়।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, সিভিল সার্জন ডা.জওয়াহেরুল আনাম সিদ্দিকী, ডা.সালমান আহমেদ প্রমুখ।

ডা.আহাম্মেদ তাহের হামিদ আলী জানান, আল বাসার আন্তজার্তিক

ফাউন্ডেশনের সহযোগি প্রতিষ্ঠান হলো এই মক্কা চক্ষু হাসপাতাল। মেহেরপুরের এটি বাংলাদেশের ৮ম শাখা। মেহেরপুরে ৮ জন বিশেষঞ্জ ডাক্তারের সহয়তায় ৬ হাজার রোগীকে বিনামুল্যে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হবে। এছাড়াও ৮ শত রোগীকে বিনামুল্যে চক্ষু অপারেশন ও ২ বার ফলোআপ চিকিৎসা প্রদান করা হবে।

উল্লেখ্য, আজ মেহেরপুরের ৬ হাজার চক্ষু রুগীদের বিনামূল্যে চক্ষু চিকিৎসা প্রদান করা হচ্ছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুর পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের ৮ পরোয়ানাভূক্তসহ ৯ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩, সিআর মামলায় ৫ জন ও নিয়মিত মামলায় ১ জন।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ৩ আসামী, মুজিবনগর থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ৩ ও চুরির অভিযোগে নিয়মিত মামলায় ১ এবং সদর থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ২ জন আসামী রয়েছে।

বুধবার (৩ আগষ্ট) সকাল থেকে আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টীম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক ইউনিট গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেলা হজতে প্রেরণ করা হয়েছে।